বিজ এর ত্রৈ-মাসিক মুখপত্র

# মাঠচিত্র

মার্চ ২০২৩

প্রধান পৃষ্ঠপোষক:
**সাইফুল ইসলাম (রবিন)**
প্রতিষ্ঠাতা ও ইডিসি, বিজ

সম্পাদকঃ
**ইকবাল আহাম্মদ**
নির্বাহী পরিচালক, বিজ

নির্বাহী সম্পাদক:
**কাবেরী সুলতানা**
উপ-পরিচালক
(রিসার্চ এন্ড ডকুমেন্টেশন), বিজ

সহকারী সম্পাদক:
**রাকিব হাসান**
সিনিয়র ডকুমেন্টেশন অফিসার, বিজ

শিল্প নির্দেশনা ও গ্রাফিক্স:
**ইব্রাহিম খান মণি**



## সম্পাদকীয়

জীবনমান উন্নয়ন ও টেকসই বিশ্ব গড়তে কৃষি, স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি বিষয়ে উন্নয়ন ভাবনা আবশ্যক। এই বিষয়গুলোকে মাথায় রেখে বিজ এর ত্রৈমাসিক মুখপত্র মাঠচিত্র সাজানো হয়। এই সংখ্যায় বিজ এর 'বিভিন্ন দিবস পালন' নিয়ে আলোচনা করা হয়েছে । এছাড়াও বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়নে বিজ এর বেশ কিছু উদ্যোগের চিত্র তুলে ধরা হয়েছে। বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) প্রতিষ্ঠালগ্ন থেকে নানাবিধ কর্মসূচির মাধ্যমে দরিদ্র মানুষের আর্থসামাজিক উন্নয়নে কাজ করে আসছে। চার দশকের অভিযাত্রায় বিজ মানুষের জীবনমান উন্নয়ন, স্বাস্থ্য উন্নয়নে বদ্ধপরিকর, যা গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সমাজের দরিদ্র ও সুবিধা বঞ্চিত মানুষ এই সহায়তা নিয়ে তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। বিজ এর উন্নয়ন কর্মকাণ্ডের সে সব নিবন্ধ মাঠচিত্রের এই সংখ্যায় প্রকাশিত হল।

(প্রকাশিত প্রবন্ধ সমূহের মতামতের জন্য সম্পাদক বৃন্দ দায়ী নন।)

**ইকবাল আহাম্মদ**

নির্বাহী পরিচালক, বিজ।


- বিজ এর পক্ষ থেকে ঢাকা কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ
- বিজ এর প্রাক-প্রাথমিক শিক্ষা কর্মসূচির আওতায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন
- পথকলি শিশুদের মাঝে কম্বল বিতরণ
- iDEA ফাউন্ডেশন এর নারী দিবসের সেমিনারে বিজ এর নারী কর্মকর্তাদের অংশগ্রহণ
- নারী দিবস উপলক্ষ্যে বিজ এর কর্মসূচি
- বঙ্গবন্ধুর ১০৩ তম জন্মদিন উদযাপন
- সুনামগঞ্জে বিজ এর আয়োজনে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপিত
- ফেনীতে বিজ এর আয়োজনে 'উপজেলা সমন্বয় (UCC) সভা' অনুষ্ঠিত।
- গোপালগঞ্জে শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তির চেক প্রদান
- বিজ এর স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

# বিজ এর পক্ষ থেকে ঢাকা কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর পক্ষ থেকে একুশে ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে একুশের প্রথম প্রহরে কেন্দ্রীয় শহিদ মিনারে মহান ভাষা আন্দোলনের সকল ভাষা সৈনিক ও অমর ভাষা শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপণ করা হয়।

জনাব মো: আব্দুল জলিল, উপ-সহকারী পরিচালক, বিজ এর নেতৃত্বে ঢাকা জোনের কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত একটি দল মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি এর তত্ত্বাবধায়নে প্রভাতফেরীতে অংশ নিয়ে বিজ এর পক্ষ থেকে ঢাকা কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন। ■



# বিজ এর প্রাক-প্রাথমিক শিক্ষা কর্মসূচির আওতায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর পক্ষ থেকে একুশে ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদযাপন করা হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষ্যে প্রাক-প্রাথমিক শিক্ষা কর্মসূচির আওতায় পলাশবাড়ী জোনের বিভিন্ন প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রের শিক্ষার্থী ও অভিভাবকদের অংশগ্রহণে দিনব্যাপী নানা কর্মসূচির আয়োজন করা হয়।

বিজ কর্তৃক বাস্তবায়িত পলাশবাড়ী জোন এর আওতায় ৩২টি শিক্ষা কেন্দ্রের মধ্যে ২টি জেলায় যথাক্রমে রংপুর জেলার পীরগঞ্জ উপজেলায় (১) রাঙ্গামাটী (পদ্মহার) প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র ও (২) ইসলামপুর প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রে দিবসটি উৎযাপন করা হয়। এছাড়া গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলার ৪টি শিক্ষা কেন্দ্র যথাক্রমে (১) পূর্ব-দুবলাগাড়ী প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র, (২) পশ্চিম গোপিনাথপুর প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র, (৩) দুর্গাপুর প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র ও (৪) লক্ষীপুর মেরীরহট প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র সহ মোট ৬টি স্কুলে আনুষ্ঠানিক ভাবে দিবসটি উৎযাপিত হয়।

জাতীয় পতাকা অর্ধ-নমিত অবস্থায় উত্তোলন এর মাধ্যমে দিবসটি উদযাপন শুরু হয়। এরপর ৬ জন শিক্ষা সহায়ক ১৮০ জন শিক্ষার্থী ও অভিভাবক, সিএমসি কমিটির সদস্য বৃন্দ, বিজ পলাশবাড়ী জোন এর কর্মকর্তা কর্মচারী সহ স্থানীয় সরকারের প্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে র‍্যালি ও শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা ও সকল শহীদের রুহের মাগফেরাত এর জন্য দোয়া প্রার্থনা করা হয়। ▪











# থকলি শিশুদের মাঝে কম্বল বিতরণ

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর অর্থায়নে শেরে বাংলা এ.কে ফজলুল হক গবেষণা পরিষদের সহযোগিতায় গত ১৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে ঝাউচর, বালুরমাঠ, পশ্চিম ধানমন্ডিতে শেরেবাংলা পথকলি স্কুলের শিক্ষার্থীদের মাঝে কম্বল ও খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সৈয়দ মার্গুব মোর্শেদ, সাবেক তথ্য সচিব ও বিটিআরসি চেয়ারম্যান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ ইসমাইল, সাবেক অতিরিক্ত সচিব ও চেয়ারম্যান, বিজ, জনাব ইকবাল আহাম্মদ, নির্বাহী পরিচালক, বিজ এবং জনাব মোঃ ফারুক হোসেন, উপদেষ্টা, শেরেবাংলা গবেষণা পরিষদ।

উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব সেলিনা আক্তার শিখা, চেয়ারম্যান শেরেবাংলা পথকলি স্কুল। অনুষ্ঠানে শুভেচ্ছা ও ধন্যবাদমূলক বক্তব্য প্রদান করেন জনাব মোঃ মজিবুর রহমান, উপ-নির্বাহী পরিচালক, বিজ, এবং স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব আর.কে রিপন, মহাসচিব শেরেবাংলা গবেষণা পরিষদ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন জনাব মঞ্জুর হোসেন ঈশা, শেরে বাংলা গবেষণা পরিষদ। এছাড়াও উক্ত অনুষ্ঠানে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। ■



# iDEA ফাউন্ডেশন এর নারী দিবসের সেমিনারে বিজ এর নারী কর্মকর্তাদের অংশগ্রহণ

নারী দিবসকে সামনে রেখে iDEA ফাউন্ডেশন এর আয়োজনে Smart Women: Smart Bangladesh শীর্ষক সেমিনারে অংশ নেয় বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর কয়েকজন নারী কর্মকর্তা।

জাতীয় সংসদ ভবন এর এলডি হলে গত ৫ই মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত এই সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শিরিন শারমিন চৌধুরী, মাননীয় স্পীকার, বাংলাদেশ জাতীয় সংসদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মেহের আফরোজ চুমকি, এম.পি, চেয়ারম্যান, পার্লামেন্টারি স্ট্যান্ডিং কমিটি, মহিলা ও শিশু-বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ।

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর পক্ষ থেকে সেমিনারে উপস্থিত ছিলেন জনাব কাবেরী সুলতানা, উপ-পরিচালক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন), ডাঃ নুসরাত জাহান, সিনিয়র সহকারী পরিচালক (স্বাস্থ্য) এবং জনাব শাহী মাছুমা আখতার, উপ-সহকারী পরিচালক (শিক্ষা ও সামাজিক সুরক্ষা)। ■







# নারী দিবস উপলক্ষ্যে বিজ এর কর্মসূচি

‘ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন জেন্ডার বৈষম্য করবে নিরসন’—এই প্রতিপাদ্যে গত ৮ই মার্চ বুধবার পালিত হয় আন্তর্জাতিক নারী দিবস ২০২৩।

এই প্রতিপাদ্যের আলোকে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) যথাযথ মর্যাদায় দিবসটি উদযাপন করেছে। সংস্থার সকল পর্যায়ের কর্মীদের শুভেচ্ছা জ্ঞাপনের মাধ্যমে দিবসটি উদযাপন শুরু হয়। সংস্থার নিজস্ব ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়াগুলোতেও প্রাধান্য পেয়েছিল নারী দিবস।

মোঃ মামুনুর রশিদ, সিনিয়র প্রোগ্রাম অফিসার (কৈশোর কর্মসূচি), বিজ এর নেতৃত্বে গোপালগঞ্জ জেলায় কৈশোর কর্মসূচির আওতাধীন কিশোরী ক্লাবের সদস্যদের সক্রিয় অংশগ্রহণ ছিল প্রশংসনীয়।

গোপালগঞ্জ জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর এর আয়োজিত র‍্যালিতে অংশ নেয়ার পাশাপাশি বিজ এর কৈশোর কর্মসূচির নিজস্ব র‍্যালিতে অংশ নিয়েছিল তারা। বিজ এর পাশাপাশি ওয়াইডব্লিউসিএ সহ অন্যান্য সংস্থাও উক্ত র‍্যালিতে অংশগ্রহন করায় তা রূপ নিয়েছিল একটি বর্নাঢ্য শোভাযাত্রায়। র‍্যালি শেষে গোপালগঞ্জ শিল্পকলা একাডেমী অডিটোরিয়ামে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উল্লেক্ষ্য যে, বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) জুলাই ২০১৯ থেকে গোপালগঞ্জ জেলায় কৈশোর কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। ■








জেলা প্রশাসকের কার্যালয়
গোপালগঞ্জ
৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস ২০২৩
প্রতিপাদ্য: "ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন
জেন্ডার বৈষম্য করবে নিরসন"
বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভা
আয়োজন: জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর, গোপালগঞ্জ
অংশগ্রহণে : ওয়াইডব্লিউসিএ অব গোপালগঞ্জ।
৮ মার্চ



# বঙ্গবন্ধুর ১০৩ তম জন্মদিন উদযাপন

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর পক্ষ থেকে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্ম দিবসের শ্রদ্ধাঞ্জলি এবং জাতীয় শিশু দিবসের শুভেচ্ছা জ্ঞাপন করা হয়।

জনাব সাইফুল ইসলাম রবিন, প্রতিষ্ঠাতা ও এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান এবং জনাব ইকবাল আহাম্মদ, নির্বাহী পরিচালক, বিজ এর উপস্থিতিতে ১৭ই মার্চ ২০২৩ তারিখে বিজ প্রধান কার্যালয়ে ঊর্ধ্বতন কর্মকর্তাদের অংশগ্রহনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

# সুনামগঞ্জে বিজ এর আয়োজনে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপিত

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর কর্ম এলাকা সুনামগঞ্জ জেলার শান্তিগঞ্জ উপজেলায় ১৭ই মার্চ ২০২৩ তারিখে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপিত হয়। দিবসটি উদযাপন উপলক্ষে বিজ বাস্তবায়িত চন্দ্রপুর বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের সমন্বয়ে একটি র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান প্রভাষক নূর হোসেন। সভার সভাপতিত্ব করেন জনাব জালাল উদ্দীন, সভাপতি, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি এবং সভা সঞ্চালনার দায়িত্ব পালন করেন জনাব জাহাঙ্গীর আলম, প্রধান শিক্ষক, বিজ পরিচালিত শিবপুর বেসরকারী প্রাথমিক বিদ্যালয়।

প্রধান অতিথির বক্তব্যে প্রভাষক নূর হোসেন উক্ত স্কুলের রাস্তা ও টিউবওয়েল এবং বিদ্যমান অন্যান্য সমস্যার সমাধানের বিষয়ে কথা বলেন এবং তিনি এসব দৃশ্যমান সমস্যার খুব শীঘ্রই সমাধান করে দিবেন বলে প্রতিশ্রুতি প্রদান করেন।

সভায় আরও বক্তব্য রাখেন, জনাব দুলান রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান; জনাব জফরুল হক, সদস্য, পশ্চিম পাগলা ইউনিয়ন পরিষদ; জনাব নিলু কান্ত পাল, প্রোগ্রাম অফিসার (শিক্ষা ও সামাজিক সুরক্ষা কর্মসূচি), বিজ এবং জনাব বিনতী রানী সূত্র ধর, প্রধান শিক্ষিকা, চন্দ্রপুর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়।

সভায় আরও উপস্থিত ছিলেন, বিজ কর্তৃক বাস্তবায়িত ৭টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকবৃন্দ। এছাড়া উপস্থিত ছিলেন ইনাতনগর ও চন্দ্রপুর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ও এসএমসি এর সদস্যবৃন্দ।



# টেকসই প্লাস্টিক ব্যবস্থাপনার জন্য বহুমূখী কর্ম পরিকল্পনার দিক নির্দেশনা

**একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক পণ্য**

- পানির বোতল, শ্যাম্পুর বোতল, বোতলের ক্যাপ
- বিস্কুট, চানাচুরের প্যাকেট, প্যাকেজিং মোড়ক
- আইসক্রিমের বক্স,
- একবার ব্যবহারযোগ্য ফেস মাস্ক,
- একবার ব্যবহার করে ফেলে দেয়া হয় এমন সব খাবারের প্লেট, গ্লাস, চামচ, কাপ

**একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক পণ্যের ক্ষতিকর প্রভাব**

- একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক পণ্য পরিবেশ, সমাজ, অর্থ ও সর্বোপরী স্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকিস্বরূপ
- এ সব প্লাস্টিক পণ্য ফসলী জমিতে মিশে ফসল উৎপাদনে ব্যাঘাত সৃষ্টি করে
- নদী, সমুদ্র ও অন্যান্য জলাশয় দূষণ করে জলজ প্রানীর বসবাস, বংশবৃদ্ধিতে ব্যাঘাত সৃষ্টি করে

**প্লাস্টিক ব্যবস্থাপনার কৌশল**

- ব্যবহার কমিয়ে ফেলা, একই জিনিস বার বার ব্যবহার করা
- ব্যবহৃত জিনিসকে কাঁচামাল হিসাবে ব্যবহার করে পুনরায় নতুন জিনিস তৈরী করা
- সময়ের সাথে দূষণ ব্যবস্থাপনা
  - স্বল্প মেয়াদী ব্যবস্থাপনা
  - মাঝারী মেয়াদী ব্যবস্থাপনা
  - দীর্ঘ মেয়াদী ব্যবস্থাপনা

**প্লাস্টিক পণ্যের দূষণ থেকে রক্ষা পেতে আমাদের করণীয়**

- পণ্য ক্রয়ের সময় পলিথিন বা প্লাস্টিকের ব্যাগ ব্যবহার না করে পাটের বা কাপড়ের ব্যাগ ব্যবহার করা
- স্থানীয় পণ্য ক্রয় করা এবং পাত্র রিফিল করা
- প্লাস্টিকর কাপ, প্লেট, চামচ, বাটির পরিবর্তে কাঁচ, স্টীল, মাটির দ্রব্য ব্যবহার করা
- প্লাস্টিকের মোড়কবিহীন দ্রব্যাদি ক্রয় করা
- প্লাস্টিকের তৈরী পণ্যের পরিবর্তে বাঁশ, বেতের তৈরী পণ্য ব্যবহার করা

**দিকনির্দেশনায়:** Microcredit Regularity Authority (MRA)

**বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)**
টেলিফোন: +8802 222289732, +8802 222289733, +8802 222262653
ই-মেইল: info@beesbd.org, beesbd @gmail.com
ওয়েবসাইট: www.beesbd.org

মাইক্রোফাইন্যান্স রেগুলেটরী অথরিটি (এম আর এ) এর দিক নির্দেশনায় "টেকসই প্লাস্টিক ব্যবস্থাপনার জন্য বহুমুখী কর্ম পরিকল্পনার দিক নির্দেশনা" শিরোনাম সম্বলিত একটি লিফলেট প্রকাশ করেছে বিজ।

একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক পণ্য চেনা, এর ক্ষতিকর প্রভাব জানা, দূষন ব্যবস্থাপনার কৌশল এবং দূষণ থেকে রক্ষা পেতে আমাদের করণীয়সমূহ উল্লেখ করা হয়েছে উক্ত লিফলেটে।

এমআরএ এর দিক নির্দেশনায় প্রকাশিত এই লিফলেটটি বিজ এর সকল অফিসে (জোন, সাব-জোন, শাখা এবং সমিতি অফিস) বিতরন করা হয়েছে।

# ফেনীতে বিজ এর আয়োজনে 'উপজেলা সমন্বয় (UCC) সভা' অনুষ্ঠিত।

গত ৩০ জানুয়ারী ২০২৩ তারিখে ফেনী ফুড এন্ড ফান কমিউনিটি সেন্টারে BD Rural WASH for HCD প্রকল্পের আওতায় ফেনী সদর উপজেলার 'উপজেলা সমন্বয় (UCC) সভা'র আয়োজন করে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)। যেখানে প্রকল্প বাস্তবায়নকারী সহযোগী সংস্থা গুলোর মধ্যে পারফর্মেন্স মূল্যায়নে করে সেরা পারফর্মার হিসেবে জাগরণী চক্র ফাউন্ডেশন, প্রত্যাশী ও পদক্ষেপ প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান করা হয়।

উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব শার্মিন ফরহাত ওবায়েদ, জেন্ডার কনসালটেন্ট, পিকেএসএফ, বিজ এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন BD Rural WASH for HCD প্রকল্পের ফোকাল পার্সন সিনিয়র সহকারী পরিচালক (স্বাস্থ্য) এবং ফিল্ড সমন্বয়কারী জনাব আব্দুস সাত্তার ও বিজ ফেনী জোনের কর্মকর্তাবৃন্দ সহ প্রকল্পের অন্যান্য সহযোগী সংস্থার প্রতিনিধিগণ। ■




# গোপালগঞ্জে শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তির চেক প্রদান

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর বিভিন্ন কর্ম এলাকায় অর্থনৈতিকভাবে দূর্বল, মেধাবী, এমন উচ্চমাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের মাঝে ২০১২ সাল থেকে শিক্ষাবৃত্তি কার্যক্রম পরিচালনা করে আসছে।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে পরিচালিত এই শিক্ষাবৃত্তির আওতায় গত ৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে বিজ গোপালগঞ্জ জোনে এমন ১৮ জন মেধাবী শিক্ষার্থীদের আমন্ত্রন জানানো হয়েছিল যেখানে ১২ জন ছাত্র এবং ৬ জন ছাত্রী উপস্থিত হয়ে শিক্ষাবৃত্তির চেক গ্রহণ করেন।

শিক্ষাবৃত্তির চেক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ সেলিম তালুকদার, উপজেলা শিক্ষা কর্মকর্তা, গোপালগঞ্জ। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব হারুন-অর-রশিদ, জুনিয়র জোনাল ম্যানেজার, বিজ, গোপালগঞ্জ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিজ এর গোপালগঞ্জ জোনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

উল্লেখ্য যে, প্রতিটি শিক্ষার্থীকে তাদের শিক্ষাবৃত্তি হিসাবে ১২,০০০ (বার হাজার) টাকা করে প্রদান করা হয়। ■

# বিজ এর স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর প্রাথমিক শিক্ষা কর্মসূচির আওতায় ৭টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়। মার্চ ২৬, ২০২৩ তারিখে শান্তিগঞ্জ উপজেলার পশ্চিম পাগলা ইউনিয়নের চন্দ্রপুর বেসরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

শান্তিগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে বিজ পরিচালিত ৭টি শিক্ষা প্রতিষ্ঠানের শতাধিক ক্ষুদে শিক্ষার্থী এই আন্তঃস্কুল ক্রীড়া প্রতিযোগিতার ১০টি ইভেন্টে অংশগ্রহণ করে। এদের মধ্য থেকে ৩০ জন শিক্ষার্থী পুরস্কার অর্জন করে। উল্লেখ্য যে, নিজ নিজ বিদ্যালয়ে প্রতিযোগীতার মাধ্যমে নির্বাচিত হয়ে এই সকল শিক্ষার্থী উক্ত প্রতিযোগীতায় অংশ নেয়।

সকাল ৯ ঘটিকায় শিক্ষক ও শিক্ষার্থীদের নিয়ে মহান স্বাধীনতা অর্জনে জীবন উৎসর্গকারী সকল শহিদ ও বীর মুক্তিযোদ্ধাদের স্মরণে শান্তিগঞ্জ উপজেলা চত্বরে অবস্থিত স্মৃতিসৌধের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করার মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এরপর বিকেল ৪টায় ক্রীড়া প্রতিযোগিতার পুরষ্কার বিতরণী অনুষ্ঠানের মাধ্যমে শেষ হয়।

শিবপুর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. জাহাঙ্গীর আলমের পরিচালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো. জালাল উদ্দিন মিন্টু, সভাপতি, চন্দ্রপুর বেসরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটি। বিশেষ অতিথির বক্তব্য রাখেন জনাব জহিরুল ইসলাম জফর, পশ্চিম পাগলা ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সদস্য এবং জনাব শাহী মাছুমা আক্তার, উপ- সহকারী পরিচালক (শিক্ষা ও সামাজিক সুরক্ষা কর্মসূচি), বিজ।

এছাড়াও উপস্থিত ছিলেন জনাব নীলু কান্ত পাল প্রোগ্রাম অফিসার (শিক্ষা ও সামাজিক সুরক্ষা কর্মসূচি), বিজ এবং ৭টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকমণ্ডলী ও স্থানীয় অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ। ▪








বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা
ব্রিজ প্রাথমিক শিক্ষা কর্মসূচি, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ






বিজ এর সার্বিক কার্যক্রমকে সঠিকভাবে এবং দ্রুততার সাথে এগিয়ে নেয়ার লক্ষ্যে জনাব সাইফুল ইসলাম রবিন, নির্বাহী ভাইস চেয়ারম্যান, বিজ এর নির্দেশক্রমে “একটি দলের ৫টি ত্রুটি উত্তরণের উপায়” শিরোনাম সম্বলিত একটি পোষ্টার প্রকাশ করা হয়। উক্ত প্রকাশিত পোষ্টার বিজ এর প্রতিটি শাখা অফিস, জোন অফিস এবং বিজ এর প্রশিক্ষণ কেন্দ্রের দেয়ালে টাঙিয়ে রাখার জন্য বিতরণ করা হয়।

প্রকাশিত পোষ্টারে প্রদত্ত তথ্য সংস্থার কর্মীদের কর্মস্পৃহাকে আরও বাড়িয়ে দিবে বলে মনে করেন নির্বাহী ভাইস চেয়ারম্যান মহোদয়। এই লক্ষ্যে উক্ত পোষ্টার কর্মীদের দৃষ্টিগোচর হয় এমন স্থানে টাঙিয়ে রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। ■

# মাঠচিত্রের পরবর্তী সংখ্যার জন্য লেখা আহ্বান

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর সকল কর্মীর কাছ থেকে তথ্য সমৃদ্ধ সাম্প্রতিক খবরাদি, প্রাসঙ্গিক ছবি, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, ঋণের সহায়তা, সাফল্য গাঁথা এবং উন্নয়ন ভাবনা বিষয়ক লেখা আহ্বান করা যাচ্ছে। আপনাদের লেখার মধ্য দিয়েই বিজ এর সফল কর্মকান্ড আমরা পাঠকদের কাছে উপস্থাপন করতে পারবো। এছাড়া সকল বিভাগীয় প্রধানদের সংশ্লিষ্ট বিভাগের সংবাদ ছবি সহ নিম্নোক্ত ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

নির্বাহী সম্পাদক, মাঠচিত্র।

ইমেইলঃ documentation.bees@gmail.com
ফোনঃ +৮৮০২ ২২২২৬২৬৫৩, ২২২২৮৯৭৩২, ২২২২৮৯৭৩৩

# বিজ অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন কর্মসূচি





**বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)**

বাড়ি # ৮/বি, রোড # ২৯, গুলশান -১, ঢাকা -১২১২, বাংলাদেশ।

ফোন ঃ +৮৮০২ ২২২২৯৮০৪৭,+৮৮০২ ২২২২৮৯৭৩২, +৮৮০২ ২২২২৮৯৭৩৩

E-mail: beesbd@gmail.com, www.beesbd.org